



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দপ্তর

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-অধিভুক্তি-৭৩/২০২৩/১৫৭১৫

তারিখ: ২৩ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

পুষ্পপাড়া কামিল মাদরাসা, ডাকঘর: পুষ্পপাড়া, উপজেলা: আতাইকুলা, জেলা: পাবনা (মাদরাসা কোড: ১৩৪১৯, EIIN: ১২৫৬২২)-এর কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদি ফিকহ বিভাগে অধিভুক্তির বিষয়ে অধ্যক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর প্রথম সংবিধির ধারা ৪.(৪) 'ক' অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন, ০৪.০২.২০২৫ তারিখে অনুষ্ঠিত অধিভুক্তি কমিটির ১২শ সভার সিদ্ধান্ত ও সুপারিশ, ০৬.০২.২০২৫ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ১৯তম সভার সুপারিশ এবং ১০.০২.২০২৫ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৩৫তম সভার অনুমোদনক্রমে উক্ত মাদরাসাকে কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদি ফিকহ বিভাগে ১৬.১০.২০২৩ থেকে ০৩.০২.২০২৫ তারিখ পর্যন্ত ভূতাপেক্ষভাবে প্রাথমিক পাঠদানের মেয়াদ বৃদ্ধি এবং কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদি ফিকহ বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০৪.০২.২০২৫ থেকে ০৩.০২.২০২৯ তারিখ পর্যন্ত আগামী ০৪ (চার) বছরের জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্তি করা হলো:


শর্তসমূহ:

১. প্রত্যেক শ্রেণীকক্ষে বিশেষ করে ফাজিল ও কামিল শ্রেণীতে উপস্থিত নিশ্চিত করতে হবে;
২. লাইব্রেরির বুক কোডিং সিস্টেম অনুসরণ করে বইগুলো সুশৃংখলভাবে সংরক্ষণ, অনুসন্ধান ও পরিসংখ্যানের ব্যবস্থা করতে হবে;
৩. মাদরাসার সার্বিক নিরাপত্তার জন্য সিসি ক্যামেরার ব্যবস্থা করতে হবে;
৪. মাদরাসার পক্ষ থেকে বার্ষিক জার্নাল প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৫. বছরে কমপক্ষে একবার দিনব্যাপী শিক্ষক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করতে হবে। শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের ছুটি রেজিস্টার সংরক্ষণ এবং মাদরাসায় ডিজিটাল হাজিরার ব্যবস্থা করতে হবে;
৬. অর্থ ও প্রশাসন সংক্রান্ত কার্যক্রম আরো স্পষ্টভাবে সংরক্ষণ, খরচের ভাউচার সংরক্ষণ এবং দাপ্তরিক নথিপত্র ও তথ্যসমূহ সংরক্ষণে আরো যত্নবান হতে হবে;
৭. শিক্ষার্থীদের ইংরেজি ও আরবিতে দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৮. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তি নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

অধ্যক্ষ

পুষ্পপাড়া কামিল মাদরাসা
আতাইকুলা, পাবনা



(মো: জাহান উদ্দিন)


সহকারী মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-ইআবি/পরি/কামিল-অধিভুক্তি-৭৩/২০২৩/১৫৭১৫

তারিখ: ২৩ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০;
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১;
৩. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা;
৪. প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
৫. সভাপতি, পুষ্পপাড়া কামিল মাদরাসা, ডাকঘর: পুষ্পপাড়া, উপজেলা: আতাইকুলা, জেলা: পাবনা;
৬. অফিস নথি।



(মুহাম্মদ মশিউর রহমান)

সেকশন অফিসার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়